| ক্রমিক নং | সেবার নাম/প্রকৃতি | সেবা প্রদানকারী কর্তৃপক্ষ/স্থান | সংশ্লিষ্ট বিধি-বিধান | নির্ধারিত সময়সীমা |
|---|---|---|---|---|
| ১০. | ব্যবসার স্থান বা পরিস্থিতির পরিবর্তন সংক্রান্ত আবেদনের নিষ্পত্তি | রাজস্ব কর্মকর্তা, স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় (সার্কেল অফিস) কর্তৃক তদন্ত সাপেক্ষে বিভাগীয় কর্মকর্তা অনুমোদন দেবেন। | মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ১৮ ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ১২ | সময়সীমা নির্ধারিত নেই। তবে তদন্ত সাপেক্ষে দ্রুততার সাথে আবেদনের বিষয়টি নিষ্পত্তিযোগ্য। |
| ১১. | ব্যবসা কার্যক্রম বন্ধ রাখা বা সাময়িক বিরত রাখা এবং পুনরায় চালু করা | রাজস্ব কর্মকর্তা, স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় (সার্কেল অফিস) | মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি - ১২(২) | **বিরত থাকা :-** অনুন্য ২৪ ঘন্টা আগে অবহিত করতে হবে।<br>**যাচাই করণঃ** ০৫ কার্যদিবসের মধ্যে<br>**পুনরায় চালু করণঃ** অনুন্য ২৪ ঘন্টা আগে অবহিত করতে হবে। |
| ১২. | মূল্য সংযোজন কর আরোপযোগ্য মূল্য ঘোষণা সংক্রান্ত আবেদনের নিষ্পত্তি | মূল্য সংযোজন কর বিভাগীয় কার্যালয়ের বিভাগীয় কর্মকর্তা (সহকারী / ডেপুটি কমিশনার) | মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-৫ ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি -৩ | যথাযথ দলিলাদিসহ আবেদন প্রাপ্তির পর বিভাগীয় কর্মকর্তা কর্তৃক তা দ্রুততার সাথে যাচাইপূর্বক ১৫(পনের) কার্যদিবসের মধ্যে নিষ্পত্তিযোগ্য। |
| ১৩. | অনুমোদিত মূল্য ঘোষণার বিপরীতে আপীল [মূল্য অনুমোদনের ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে] আবেদনের নিষ্পত্তি | সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের কমিশনার | মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩(৭) | যথাযথ দলিলাদিসহ আপীল আবেদন প্রাপ্তির ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে নিষ্পত্তিযোগ্য। |
| ১৪. | দাখিলপত্র পরীক্ষাপূর্বক দালিখপত্রের কপি প্রদান | রাজস্ব কর্মকর্তা, স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় (সার্কেল অফিস) | মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৩৬ ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ২৫ | যথাযথ দলিলাদিসহ দাখিলপত্র প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পরীক্ষা নিরীক্ষা পূর্বক নিষ্পত্তি করা হয়। |
| ১৫. | দাখিলপত্র র্নিধারিত সময়ের মধ্যে জমা না দিলে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য বিভাগীয় কর্মকর্তাকে | রাজস্ব কর্মকর্তা, স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় (সার্কেল অফিস) | মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ২৫(৪) | জমাকরণের নির্ধারিত সময় শেষ হওয়ার ৭ দিনের মধ্যে |
| ১৬. | যানবাহন পরিদর্শন, তল্লাশি ও আটক | সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের সহকারী কমিশনার পদ মর্যাদার নিমেণ নয় এমন কর্মকর্তা বা এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা | মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ২৬ ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৭(৩) | মূল্য সংযোজন কর আইন ও বিধিমালা অনুযায়ী বৈধ চালানপত্র ব্যতিরেকে কোন পণ্য সরবরাহ বা সেবা প্রদানের ক্ষেত্রে কর ফাঁকির বিষয়টি প্রতীয়মান হলে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক পণ্য সরবরাহকারী বা সেবা প্রদানকারীর নিকট হতে সংশ্লিষ্ট দলিলাদি আটকের ক্ষেত্রে মূসক -৫ প্রদান করা হয়। |
| ১৭. | আটক ও অনিয়ম মামলার ক্ষেত্রে অর্থদন্ড আরোপ | ন্যায় নির্ণয়নের ক্ষমতা অনুসারে সংশ্লিষ্ট কর্মকর্তা | মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৩৭(৫) | অর্থদন্ড আরোপের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিবন্ধিত ব্যক্তি/ প্রতিষ্ঠানকে শুনানীর সুযোগ প্রদান করা হয়। |
| ১৮. | অর্থদন্ড ও জরিমানা অর্থ কিস্তিতে পরিশোধের সুযোগ সংক্রান্ত আবেদন | সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের কমিশনার | মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৫৫ (৪) | ধারা ৫৫(৪) অনযায়ী দাবীকত শুল্ক ও কর প্রদানের জন্য যে ব্যক্তির নিকট হতে দাবী করা হয় সে ব্যক্তি লিখিতভাবে উক্ত দাবীকত অর্থ কিস্তিতে পরিশোধের ইচ্ছা ব্যক্ত করলে কমিশনার কর্তৃক দাবীকৃত অর্থের মধ্যে অর্থদন্ড ও জরিমানা অনধিক ছয় মাসের মধ্যে কিস্তিতে পরিশোধের জন্য আদেশ জারী করতে পারেন। |